

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০৫২

২৫. শিকার সম্পর্কিত অধ্যায় (کتاب الصید)

পরিচ্ছেদঃ ২. প্রশিক্ষণপ্রও প্রাণী দ্বারা শিকার

بَابِ مَا جَاءَ فِي صَيْدِ الْمُعَلَّمَاتِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَقُولُ فِي الْكَلْبِ الْمُعَلَّمِ كُلْ مَا أَمْسَكَ عَلَيْكَ إِنْ قَتَلَ وَإِنْ لَمْ يَقْتُلْ

বাংলা

রেওয়ায়ত ৫. নাফি' (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ ইবন উমর (রাঃ) বলিতেন, প্রশিক্ষণপ্রাপ্ত কুকুর যদি কোন প্রাণী শিকার করে তবে উহা মারিয়া ফেলুক বা জীবিত ধরুক সকল অবস্থায়ই উহা খাওয়া জায়েয।[1]

English

Yahya related to me from Malik from Nafi that Abdullah ibn Umar said about a trained dog, "Eat whatever it catches for you whether it eats from it or not."

ফুটনোট

[1] প্রশিক্ষণপ্রাপ্ত কোন হিংস্র প্রাণী যেমন কুকুর, বাজপাখি ইত্যাদি যদি বিসমিল্লাহ বলিয়া শিকারের উদ্দেশ্যে ছাড়া হয় এবং উহা কোন প্রাণী মারিয়া আনে তবে উহা খাওয়া জায়েয়। (ক) হামলা করিতে ইশারা করিলে হামলা করে। (খ) থামিয়া যাইতে ইশারা করিলে থামিয়া যায় এবং (গ) শিকারকৃত প্রাণী হইতে কিছু ভক্ষণ করে না- এই তিনটি শর্ত পাওয়া গেলে উহাকে প্রশিক্ষণপ্রাপ্ত বলিয়া গণ্য করা হয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন